

সরকারি ২৭ কলেজে নতুন অধ্যক্ষ নিয়োগ

অনলাইন ডেস্ক



শিক্ষা মন্ত্রণালয়

ফাইল ছবি

দেশের সরকারি ২৭টি কলেজে নতুন অধ্যক্ষ ও ৫টি কলেজে নতুন উপাধ্যক্ষ নিয়োগ দিয়েছে শিক্ষা মন্ত্রণালয়। আজ সোমবার (১০ নভেম্বর) মন্ত্রণালয়ের মাধ্যমিক উচ্চশিক্ষা বিভাগের সরকারি কলেজ শাখা-২ থেকে জারি করা এক প্রজ্ঞাপনের মাধ্যমে শিক্ষা ক্যাডারের ৩২ কর্মকর্তাকে অধ্যক্ষ ও উপাধ্যক্ষ হিসেবে দেশের বিভিন্ন সরকারি কলেজে বদলি বা পদায়ন করা হয়েছে।

প্রজ্ঞাপন অনুযায়ী, ময়মনসিংহ আনন্দ মোহন কলেজের অধ্যক্ষ হিসেবে নিয়োগ পেয়েছেন মো. আব্দুল হামিদ, ফরিদপুরের সারদা সুন্দরী সরকারি মহিলা কলেজের অধ্যক্ষ হিসেবে

নিয়োগ পেয়েছেন অধ্যাপক আব্দুল্লাহ আল মাতীন, চট্টগ্রাম সরকারি কমার্স কলেজের অধ্যক্ষ হিসেবে অধ্যাপক মো. আলাউদ্দিন আল-আজাদ ও উপাধ্যক্ষ হিসেবে অধ্যাপক মোহাম্মদ এমদাদ হোছাইন নিয়োগ পেয়েছেন।

এ ছাড়া খুলনার সরকারি ব্রজলাল কলেজের অধ্যক্ষ হিসেবে অধ্যাপক সাইফুল ইসলাম, ঢাকার সরকারি সংগীত কলেজের অধ্যক্ষ অধ্যাপক নাদিয়া সোমা সামাদ, খুলনা রূপসা সরকারি কলেজের অধ্যক্ষ অধ্যাপক মো. আবদুল হামিদ, বগুড়া সরকারি কলেজের অধ্যক্ষ অধ্যাপক মোহাম্মদ মতিউর রহমান, যশোর সরকারি মাইকেল মধুসূদন কলেজের অধ্যাপক এস. এম. শফিকুল ইসলাম, কুমিল্লা শিক্ষা বোর্ড সরকারি মডেল কলেজের অধ্যক্ষ অধ্যাপক মোহাম্মদ আবুল হোসেন, চট্টগ্রামের বোয়ালখালী স্যার আশুতোষ সরকারি কলেজের অধ্যক্ষ অধ্যাপক মো. জয়নাল আবেদীন, লালমনিরহাট সরকারি কলেজের অধ্যক্ষ অধ্যাপক আবু ইমাম মো. রাশেদুন্নবী, চট্টগ্রামের সাতকানিয়া সরকারি কলেজের অধ্যক্ষ অধ্যাপক আবু রায়হান মো. আশিকুর রহমান, গোপালগঞ্জ সরকারি কলেজের অধ্যক্ষ

অধ্যাপক শাহ মো. ইকবাল হোসেনকে নিয়োগ
দেওয়া হয়েছে।

আর কুড়িগ্রামের রাজিবপুর সরকারি ডিগ্রি
কলেজের অধ্যক্ষ হিসেবে অধ্যাপক মো.
মেয়াজ্জেম হোসেন, মানিকগঞ্জ জেলার
বানিয়াজুরী ইউনিয়ন সরকারি স্কুল অ্যান্ড
কলেজের অধ্যক্ষ অধ্যাপক মো.
আখেরুজ্জামান, রাজশাহী সরকারি সিটি
কলেজের অধ্যক্ষ হিসেবে অধ্যাপক ড. মো:
ইলিয়াছ উদ্দিন, খাগড়াছড়ির পানছড়ি সরকারি
ডিগ্রি কলেজের অধ্যক্ষ অধ্যাপক রাজিম উদ
দৌলাহ, অধ্যাপক মো. ফরিদ আহমেদ,
কুড়িগ্রাম সরকারি মহিলা কলেজের উপাধ্যক্ষ
অধ্যাপক মো. এরশাদুল হক, কুষ্টিয়া সরকারি
কলেজের উপাধ্যক্ষ অধ্যাপক ড. মো.
ফিরোজুল ইসলাম, নাটোরের নবাব সিরাজ-উদ-
দৌলা সরকারি কলেজের অধ্যক্ষ মো. আব্দুল
মতিন, নীলফামারীর কিশোরীগঞ্জ সরকারি
ডিগ্রি কলেজের অধ্যক্ষ মো. শাহজাহান নাসির,
রায়পুর সরকারি ডিগ্রি কলেজের অধ্যক্ষ
অধ্যাপক মো. আবুল বাসার, লক্ষীপুরের রায়পুর
সরকারি ডিগ্রি কলেজের অধ্যক্ষ অধ্যাপক মো.
আবুল বাসার, মানিকগঞ্জের ঘিওরের ঘিওর

সরকারী কলেজে অধ্যক্ষ ফকির ফারুক
আহম্মেদ, ঠাকুরগাঁও সরকারি কলেজের অধ্যক্ষ
মো. মোকাররম হোসেন, খুলনার আযম খান
সরকারী কমার্স কলেজের অধ্যক্ষ মো. রফিকুল
ইসলাম এবং বরিশালের বাকেরগঞ্জ সরকারী
কলেজের অধ্যক্ষ আবু জাফর মুহা. হাবীবুর
রহমান নিয়োগ পেয়েছেন।